


# কীভাবে ভোট দেওয়া হয়

ভোট দেওয়ার তিনটি ভিন্ন উপায় রয়েছে:



**সশরীরে:** আপনাকে আপনার ঠিকানায় একটি পোল কার্ড পাঠানো হবে যেটিতে আপনার স্থানীয় ভোটকেন্দ্রটি কোথায় তা আপনাকে বলে দেওয়া হবে। ভোটকেন্দ্রে ভোট দেওয়ার জন্য আপনাকে ফটো আইডি'র একটি মূল স্বীকৃত ফর্ম আনতে হবে।



**ডাকযোগে:** আপনি যদি সশরীরে ভোট দিতে না পারেন, তাহলে আপনি ডাকযোগে ভোট দেওয়ার জন্য আবেদন করতে পারেন। ডাকযোগে ভোট দেওয়ার জন্য আপনাকে ফটো আইডি প্রদান করতে হবে না। আপনার স্বাক্ষর এবং জন্মতারিখ যাচাইকরণসহ অন্যান্য সনাক্তকরণ চেক রয়েছে।



**প্রতিনিধির মাধ্যমে:** আপনি যদি ব্যক্তিগতভাবে ভোট দিতে না পারেন, যেমন স্বাস্থ্যগত কারণে, তাহলে আপনি আপনার পক্ষে ভোট দেওয়ার জন্য কাউকে মনোনীত করতে পারবেন। এটি করার জন্য আপনাকে একটি ফর্ম পূরণ করে আপনার স্থানীয় নিরাচনী নিবন্ধন অফিসে পাঠাতে হবে। আপনার হয়ে ভোট দেওয়ার জন্য আপনার প্রতিনিধিকে তার নিজের ফটো আইডি আনতে হবে।

# নো ভোট, নো ভয়েস ভোটার নিবন্ধন এবং ভোটার আইডি

**নিরাচন আইন (The Elections Act) (2022)-এ আমাদের ভোট দেওয়ার পদ্ধতি পরিবর্তন হয়েছে। আপনি যদি লন্ডনবাসী হন, তাহলে আপনাকে এখন সশরীরে ভোট দেওয়ার জন্য ফটো আইডি'র একটি স্বীকৃত ফর্ম দেখাতে হবে।**

<https://registertovote.london/>

GREATER  
LONDON  
AUTHORITY

#NO  
VOTE  
NO VOICE

SOUK  
SHOUT OUT UK



সার্বিক সহায়তায়- Greater London Authority, City Hall, Kamal Chunchie Way, London, E16 1ZE. মুদ্রণ ও প্রচারণায়- Shout Out UK, 240 Portobello Road, London, W11 1LL.